# প্রেস বিজ্ঞপ্তি

## জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ

## বিভিন্ন অপরাধে ৭৪টি প্রতিষ্ঠানকে ৩.৪৯ লক্ষ টাকা জরিমানা

**২১ মার্চ ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগীয় ও জেলা কার্যালয়ের ২২ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, কুমিল্লা, চুয়াডাঙ্গা, পাবনা, সিলেট, পটুয়াখালী, বগুড়া, দিনাজপুর, সাতক্ষীরা, নাটোর, রাজশাহী, কুড়িগ্রাম, ফেনী, বরিশাল, ভোলা এবং হবিগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর মিরপুর এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে অনন্ত বেকারীকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে মুসলিম সুইটসকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকাসহ মোট **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

ঢাকা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আব্দুল জব্বার মন্ডল কর্তৃক বাণিজ্য মন্ত্রণালয়ের মোবাইল টিমের সাথে ঢাকা মহানগরীর গুলশান এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে মিরাজ রেস্টুরেন্ট ও পূর্ণিমা রেস্টুরেন্টকে যথাক্রমে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকাসহ মোট **৩৫,০০০/- (পয়ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ইফতেখারুল আলম রিজভীর নেতৃত্বে মানিকগঞ্জ সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **২৪,০০০/- (চব্বিশ হাজার)** টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জের আড়াই হাজার উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইলের ধনবাড়ী উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৪,০০০/- (চার হাজার)** টাকা, জামালপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে জামালপুরের বকশীগঞ্জ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **৪৩,০০০/- (তেতাল্লিশ হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লা সদর দক্ষিণ উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকা, চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম উদ-দৌলার নেতৃত্বে পাবনা সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা ও পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে সপ্তবর্ণ কনফেকশনারীকে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২৫০/- (সাতশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়, সিলেট বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ ফয়েজ উল্লাহ এর নেতৃত্বে সিলেটের কোতয়ালী ও এয়ারপোর্ট এলাকায় **২টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, পটুয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আল-আমিনের নেতৃত্বে পটুয়াখালীর গলাচিপা উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামের নেতৃত্বে বগুড়ার শাজাহানপুর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের জকিগঞ্জ উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১১,৫০০/- (এগার হাজার পাঁচশত)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুরের চিরিরবন্দর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৯,৫০০/- (নয় হাজার পাঁচশত)** টাকা, সাতক্ষীরা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সোহেল শেখের নেতৃত্বে সাতক্ষীরা সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, নাটোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক ফারুক আহমেদের নেতৃত্বে নাটোরের নলডাঙ্গা উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে রাজশাহীর তানোর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা, কুড়িগ্রাম জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে কুড়িগ্রাম সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, ফেনী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে ফেনী সদর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৫,৫০০/- (পনের হাজার পাঁচশত)** টাকা, বরিশাল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শাহ শোয়াইব মিয়ার নেতৃত্বে বরিশাল মহানগরের কোতয়ালী থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **২১,০০০/- (একুশ হাজার)** টাকা, ভোলা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ নাজমুল হাসানের নেতৃত্বে ভোলার দৌলতখান উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা এবং হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী

পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জের আজমিরিগঞ্জ উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৬,০০০/- (ছয় হাজার)** টাকাসহ মোট **১,৭৩,০০০/- (এক লক্ষ তেহাত্তর হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপি, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শন না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, ওজনে কারচুপি, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিন কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে আগোরাকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা ও সহকারী পরিচালক প্রনব কুমার প্রামানিক কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে SHIRAJ মোগলাই ফ্রেস্টকে **১০,০০০/- (দশ হাজার)** টাকাসহ মোট **২০,০০০/- (বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ২ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা প্রদান করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Bayleef Restaurant, Euro Asiano ও শর্মা কিংকে যথাক্রমে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা, **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা ও **৬,০০০/- (ছয় হাজার)** টাকা এবং প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে Daraz.com কে **৬,০০০/- (ছয় হাজার)** টাকা এবং সহকারী পরিচালক রজবী নাহার রজনী কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে প্রতিশ্রুত পণ্য বা সেবা যথাযথভাবে বিক্রয় বা সরবরাহ না করার অপরাধে Daraz.com কে **৪,০০০/- (চার হাজার)** টাকাসহ মোট **২৬,০০০/- (ছাব্বিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **৫ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৬,৫০০/- (ছয় হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলাম কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে বৈশাখী হোটেল এন্ড রেস্টুরেন্টকে **২,০০০/- (দুই হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং **১ জন** অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **৫০০/- (পাঁচশত)** টাকা প্রদান করা হয়।

আজকের **২২টি** বাজার তদারকির ও **৯টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৭৪টি** প্রতিষ্ঠানকে মোট **৩,৪৯,০০০/- (তিন লক্ষ উনচল্লিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **৯ জন** অভিযোগকারীকে মং **১২,২৫০/- (বার হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, বাজার কর্মকর্তা, শিল্প ও মৎস্য কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(রিনা বেগম)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‌্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, কুমিল্লা, চুয়াডাঙ্গা, পাবনা, সিলেট, পটুয়াখালী, বগুড়া, দিনাজপুর, সাতক্ষীরা, নাটোর, রাজশাহী, কুড়িগ্রাম, ফেনী, বরিশাল, ভোলা এবং হবিগঞ্জ।
৭। পুলিশ সুপার, ঢাকা, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, টাঙ্গাইল, জামালপুর, কুমিল্লা, চুয়াডাঙ্গা, পাবনা, সিলেট, পটুয়াখালী, বগুড়া, দিনাজপুর, সাতক্ষীরা, নাটোর, রাজশাহী, কুড়িগ্রাম, ফেনী, বরিশাল, ভোলা এবং হবিগঞ্জ।
৮। ভারপ্রাপ্ত সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (ভারপ্রাপ্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।